দৈনিক সংবাদ

তারিখ 1[illegible] AUG 1987
পৃষ্ঠা 6 কলাম 2

২৯শে শ্রাবণ ১৩৯৪ বঃ

084

# বিশ্ববিদ্যালয় খোলার আগেই অনার্স পরীক্ষা অনুষ্ঠানের চিন্তাভাবনা হচ্ছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

অষ্টম বারের মত স্থগিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৫ সালের অনার্স পরীক্ষা (কোর্স পদ্ধতি) বিশ্ববিদ্যালয় খোলা পর্যন্ত অপেক্ষা না করে তার আগেই নেয়ার ব্যাপারে কর্তৃপক্ষ চিন্তাভাবনা করছেন।

গতকাল শুক্রবার আবাসিক হলের প্রাধ্যক্ষদের এবং বৃহস্পতিবার ডীন, প্রাধ্যক্ষ ও অন্য কর্মকর্তাদের বৈঠকে আলাপ আলোচনার পর প্রস্তাব গৃহীত হয়েছে যে, কোন আবাসিক হল না খুলে সংশ্লিষ্ট বিভাগগুলোর তত্ত্বাবধানে পরীক্ষা নেয়া যেতে পারে। আগামী ২৫শে আগষ্ট অনুষ্ঠেয় একাডেমিক কাউন্সিলের সভায় প্রস্তাবটি গৃহীত হলে আগ্রহী পরীক্ষার্থীদেরকে নিজ নিজ বিভাগের সাথে যোগাযোগ করতে বলা হবে বলে জানা গেছে।

কেন্দ্রীয়ভাবে পরীক্ষা নেয়ার একটি বিকল্প প্রস্তাবও গৃহীত হয়েছে। তবে এ প্রস্তাব পাস হলেও এক্ষেত্রে বিভাগগুলোর মূল দায়িত্ব থাকবে। বিশ্ববিদ্যালয় খোলার আগে পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য অবিলম্বে লাইব্রেরী খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

বিশ্ববিদ্যালয় খোলার আগেই অনার্স পরীক্ষা অনুষ্ঠানের চিন্তাভাবনা হচ্ছে।

রিপোর্ট। দৈনিক সংবাদ, ঢাকা। [illegible]

১৯৮৫ সালের অনার্স পরীক্ষা বিশ্ববিদ্যালয় খোলা পর্যন্ত অপেক্ষা না করে তার আগেই নেয়ার ব্যাপারে কর্তৃপক্ষ চিন্তাভাবনা করছেন।